

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা

নির্বাচন অগ্রাধিকার  
অঙ্গীকৃত জরুরী

ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

নং-০৫.৮৫.৭২০০.০০৫.৮০.০০১.২৩-৯৩৮

তারিখঃ ১ অগ্রহায়ণ ২০২৩ বঙ্গাব্দ  
১৬ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

## অনলাইনে মনোনয়নপত্র দাখিল সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য সময়সূচি প্রকাশ করেছেন। উক্ত সময়সূচি অনুযায়ী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ আগস্টি ৩০ নভেম্বর ২০২৩ রোজ বৃহস্পতিবার। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ৬৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের বিধান অনুসারে যোগ্য ব্যক্তিগণ মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ বা তার পূর্বে ফরম-১ অনুযায়ী সরাসরি বা অনলাইনে দাখিল করবেন।

১) অনলাইনে মনোনয়নপত্র দাখিল: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের (৩) দফার (খ) উপদফার বিধান এবং নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর ৩বিধির (২)(খ) ও (৩) উপবিধি অনুসারে অনলাইনের মাধ্যমে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে:

ক) অনলাইনে মনোনয়নপত্র পূরণ ও দাখিল করার উদ্দেশ্যে নির্বাচন কমিশনের অফিসিয়াল ওয়েব সাইটে [www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd) পোর্টালে প্রবেশ করে তার জাতীয় পরিচয় নম্বর বা ভোটার নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি এবং নির্বাচনি লাকার নম্বর ও নাম এন্ট্রি করিয়া রেজিস্ট্রেশন করিতে হইবে; রেজিস্ট্রেশন সম্পর্ক হওয়ার পর ইউজার নেইম ও পাসওয়ার্ড পাওয়া যাবে;

খ) জাতীয় পরিচয়পত্রের বায়মেট্রিক ফিচারে সংরক্ষিত মুখ্যবয়ব তথ্যের সাথে প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর চেহারা শনাক্তকরণ (Facial Recognition) করতে হবে;

গ) কোন প্রার্থী পোর্টালে প্রবেশ করে পর্যায়ক্রমে মনোনয়ন, ব্যক্তিগত তথ্যাদি ও হলফনামা সংক্রান্ত তথ্যাদি এন্ট্রি করবেন এবং অনুচ্ছেদ ১২ এর অধীন প্রয়োজনীয় কাগজপত্র (হলফনামা, আয়কর প্রদান সংক্রান্ত কাগজপত্র, প্রযোজ্য ক্ষেত্রে, নির্বাচিত রাজনৈতিক দল কর্তৃক মনোনয়ন সংক্রান্ত প্রত্যয়নপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ) স্ক্যান করে Portable Document Format (পিডিএফ) আকারে সংযুক্ত করবেন;  
তবে শর্ত থাকে যে, স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে, সংশ্লিষ্ট নির্বাচনি লাকার এক শতাংশ ভোটারের সমর্থন সহলিত স্বাক্ষরযুক্ত তালিকা মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখের মধ্যে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারের নিকট সরাসরি দাখিল করতে হবে;

ঘ) প্রার্থী পোর্টালে রক্ষিত অনলাইনে পেমেন্টে মেথড ব্যবহার করে জামানত বাবদ নির্ধারিত অর্থ প্রদান করার পর মনোনয়নপত্রটি দাখিল করবেন;

ঙ) রিটার্নিং অফিসার অনলাইনে প্রাপ্ত প্রত্যেকটি মনোনয়নপত্রে স্বয়ংক্রিয়ভাবে সূজিত বা প্রদত্ত ক্রমিক নম্বর অনুসারে “ফরম-১” এর পঞ্চম খন্দ অনুযায়ী মনোনয়নপত্র বাছাইয়ের স্থান, তারিখ ও সময় নির্ধারণ করবেন এবং প্রাপ্তি স্থাকার রসিদ ও বাছাইয়ের নোটিশ অনলাইনে প্রার্থীকে প্রেরণ করবেন;

চ) দফা (ঘ) এ অধীন মনোনয়নপত্র দাখিলের পর স্বয়ংক্রিয়ভাবে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে মনোনয়নপত্র দাখিলের প্রাপ্তি স্থাকার, মনোনয়নপত্র বাছাই পর স্থান ও তারিখ, মনোনয়নপত্র বাছাই এর সিকাট, প্রার্থীতা প্রত্যাহার এবং প্রতীক বরাদ্দসহ সংশ্লিষ্ট তথ্যাদি পর্যায়ক্রমে এসএমএস এর মাধ্যমে প্রেরণ করা হবে এবং উল্লিখিত তথ্যাদি পোর্টালেও প্রদর্শিত হবে; এবং

ছ) অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্র সংশ্লিষ্ট কাগজপত্রাদির মূল কপি মনোনয়নপত্র বাছাইয়ের নির্ধারিত দিনে রিটার্নিং অফিসারের নিকট দাখিল করতে হবে।

উল্লেখ্য যে, নেত্রকোণা জেলার ৫টি সংসদীয় আসনের [১৫৭, নেত্রকোণা-১ (দুর্গাপুর, কলমাকান্দা), ১৫৮, নেত্রকোণা-২ (নেত্রকোণা সদর, বারহাট্টা), ১৫৯, নেত্রকোণা-৩ (আটপাড়া, কেন্দুয়া), ১৬০, নেত্রকোণা-৪ (মোহনগঞ্জ, মদন, খালিয়াজুরী), ১৬১, নেত্রকোণা-৫, (পূর্বখলা)] সম্মান্য যোগ্য ব্যক্তিগণ উপরের নির্দেশনা অনুসরণ করে আগস্টি ৩০ নভেম্বর ২০২৩ তারিখ বা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন দিনে অনলাইনে মনোনয়নপত্র দাখিল করতে পারবেন।

তারিখঃ ১ | ৬ | দিন | ১ | ১ | মাস | ২ | ০ | ২ | ৩ | বৎসর

শাহদেশ পারভেজ  
জেলা প্রশাসক, নেত্রকোণা

ও  
রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

নং-০৫.৮৫.৭২০০.০০৫.৮০.০০১.২৩-৯৩৮

তারিখঃ ১ অগ্রহায়ণ ২০২৩ বঙ্গাব্দ  
১৬ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠাতার ডিওডে নয়) :-

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৪। পুলিশ সুপার, নেত্রকোণা।
- ৫। জেলা নির্বাচন অফিসার, নেত্রকোণা।
- ৬। উপজেলা নির্বাচনী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার..... (সকল), নেত্রকোণা (তাকে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা  
গ্রহণের অনুরোধসহ)।
- ৭। সিনিয়র জেলা তথ্য অফিসার, নেত্রকোণা (তাকে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। উপজেলা নির্বাচন অফিসার..... (সকল), নেত্রকোণা।
- ৯। সভাপতি/ সম্পাদক, নেত্রকোণা প্রেসক্লাব, নেত্রকোণা।
- ১০। মেটিশ বোর্ড.....।

জেলা প্রশ়িত্সক, নেত্রকোণা

ও

রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

১০/১১১